ଦେଶକେ ଅନ୍ତର୍ଶତ୍ରୁ ସୈଣ୍ୟସାମସ୍ତ ନିଯେ ଯାରା ଧାତ୍ତବଳେ ଅଧିକାର କରେ, ସତ ବଡ଼ୋ ହୋକ୍ ନା ତାଦେର ପ୍ରତାପ, ସେଥାନେ ଦେଶେର ପ୍ରାଣବାନ ସନ୍ତା ସେଥାନେ ତାଦେର ପ୍ରବେଶ ଅବରୁଦ୍ଧ । ଦେଶେର ଅନ୍ତରେ ସ୍ମୃତ୍ୟଗ୍ର ପରିମାଣ ଭୂମି ଜୟ କରବେ ଏମନ ଶକ୍ତି ନେଇ ତାଦେର । ଅନ୍ତରେ ଜୋରେ ଭାରତବର୍ଷକେ ଅଧିକାର କରେଚେ କତ ବିଦେଶୀ କତ ବାର । ମାଟିତେ ରୋପନ କରେଚେ ତାଦେର ପତାକା, ଆବାର ସେ ପତାକା ମାଟିତେ ପଡ଼େ ଧୂଲୋ ହୟେ ଗେଛେ ।

ଅନ୍ତର୍ଶତ୍ରୁର କୀଟା-ବେଡା ଦିଯେ ଯାରା ବିଦେଶେ ଆପନ ସ୍ଵର୍ଗକେ ହାୟୀ କରିବାର ହୁରାଶା ମନେ ଲାଲନ କରେ ଏକଦିନ କାଳେର

* ମହାଜ୍ଞାଜିର ଅନଶନ ବ୍ରତ ଆରା କରିବାର ଦିନେ ଆଶ୍ରମବାସୀ-ଗଣେର ମିକଟ ଅଭିଭାଷଣ ।

আহ্বানে যে মুহূর্তে তারা মেপথে সরে দাঢ়ায় তখনই ইট কাঠের ভগ্নপে পুঞ্জীভূত হয় তাদের কীর্তির আবর্জনা। আর যাঁরা সত্ত্বের বলে বিজয়ী তাদের আধিপত্য তাদের আয়কে অতিক্রম ক'রে দেশের মর্মস্থানে বিরাজ করে।

দেশের সমগ্র চিত্তে যাঁর এই অধিকার তিনি সমস্ত দেশের হয়ে আজ আরো একটি জয়বাত্রায় প্রবৃত্ত হয়েছেন চরম আত্মোৎসর্গের পথে। কোন্তুরহ বাধা তিনি দূর করতে চান, যার জন্তে তিনি এত বড়ো মূল্য দিতে কুষ্টিত হলেন না সেই কথাটি আজ আমাদের স্মরণ হয়ে চিন্তা করবার দিন।

আমাদের দেশে একটি ভয়ের কারণ আছে। যে পদার্থ মানসিক তাকে আমরা বাহ্যিক দক্ষিণা দিয়ে স্থুলভ সম্মানে বিদায় করি। চিহ্নকে বড়ো করে তুলে সত্যকে খর্ব করে থাকি। আজ দেশনেতারা স্থির করেচেন যে, দেশের লোকেরা উপবাস করবে। আমি বলি এতে দোষ নেই, কিন্তু ভয় হয় মহাআজি যে প্রাণপণ মূলোর বিনিময়ে সত্যকে লাভ করবার চেষ্টা করচেন তার তুলনায় আমাদের কৃত্য নিতান্ত লম্ফ এবং বাহ্যিক হয়ে পাছে লজা বাঁড়িয়ে তোলে। হৃদয়ের আবেগকে কোনো একটা অস্থায়ী দিনের সামান্য দুঃখের লক্ষণে ক্ষীণ রেখায় চিহ্নিত করে কর্তব্য মিটিয়ে দেবার মতো দুর্ঘটনা যেন না ঘটে।

আমরা উপবাসের অমুষ্ঠান করব কেননা মহাআজি উপবাস করতে বসেচেন, এই দুটোকে কোনো অংশেই যেন একত্রে তুলনা করবার মুঢ়তা কারো মনে না আসে। এ দুটো একেবারেই এক জিনিষ নয়। তাঁর উপবাস, সে তো অমুষ্ঠান নয়, সে একটি বাণী, চরম ভাষার বাণী। মৃত্যু তাঁর

সেই বাণীকে সমগ্র ভারতবর্ষের কাছে, বিশ্বের কাছে ঘোষণা করবে, চিরকালের মতো। সেই বাণীকেই বদি গ্রহণ করা আমাদের কর্তব্য হয় তবে তা ষথোচিতভাবে করতে হবে। তপস্থার সত্যকে তপস্থার দ্বারাই অস্তবে গ্রহণ করা চাই।

আজ তিনি কৌ বল্চেন সেটা চিন্তা করে দেখো। পৃথিবীময় মানব ইতিহাসের আরম্ভকাল থেকে দেখি একদল মানুষ আরেক দলকে নীচে ফেলে তার উপর দাঁড়িয়ে নিজের উন্নতি প্রচার করে। আপন দলের প্রভাবকে প্রতিষ্ঠিত করে অন্ত দলের দাসত্বের উপরে। মানুষ দীর্ঘকাল ধরে এই কাজ করে এসেচে কিন্তু তবু বল্ব এটা অমানুষিক। তাই দাস-নির্ভরতার ভিত্তির উপরে মানুষের গ্রিশ্য স্থায়ী হতে পারে না। এতে কেবল যে দাসেদের দুর্গতি হয় তা নয় অভুদেরও এতে বিনাশ ঘটায়। যাদের আমরা অপমানিত করে পায়ের তলায় ফেলি তারাই আমাদের সম্মুখ পথে পদক্ষেপের বাধা। তারা গুরুভারে আমাদের নীচের দিকে টেনে রাখে। যাদের আমরা শীন করি তারা ক্রমশই আমাদের হেয় করে। মানুষ-খেগো সভ্যতা রোগে জীর্ণ হবে, মরবে। মানুষের দেবতার এই বিধান। ভারতবর্ষে মানুষোচিত সম্মান থেকে যাদের আমরা বঞ্চিত করেচি তাদের অগোরবে আমরা সমস্ত ভারতবর্ষের অগোরব ঘটিয়েচি।

আজ ভারতে কত সহস্র লোক কারাগারে রুক্ষ বন্দী। মানুষ হয়ে পশুর মতো তারা পীড়িত অবমানিত। মানুষের এই পুঁজীভূত অবমাননা সমস্ত রাজ্যশাসনতন্ত্রকে অপমানিত করচে, তাকে গুরুভারে দুর্ক্ষ করচে। তেমনি আমরাও অসমানের বেড়ার মধ্যে বন্দী করে রেখেচি সমাজের বৃহৎ একদলকে। তাদের হীনতার ভার বহন করে আমরা এগোতে পারচিনে।

বন্দীদশা শুধু তো কারো আঁচৌরের মধ্যে নয় । মানুষের অধিকার সংক্ষেপ করাই তো বঙ্গন । সম্মানের খর্বত্তাৰ মতো কারাগার তো নেই । ভাৰতবৰ্ষে সেই সামাজিক কারাগারকে আমৱা খণ্ড খণ্ডে বড়ো কৰেচি । এই বন্দীৰ দেশে আমৱা মুক্তি পাৰ কী কৰে ? যারা মুক্তি দেয় তাৱাই তো মুক্ত হয় ।

এতদিন এইভাবে চলছিল—তালো কৰে বুৰিনি আমৱা কোথায় তলিয়ে ছিলাম । সহসা ভাৰতবৰ্ষ আজ মুক্তিৰ সাধনায় জেগে উঠল । পণ কৱলাম চিৰদিন বিদেশী শাসনে মহুযুক্তকে পঙ্ক কৰে রাখাৰ এ ব্যবস্থা আৱ স্বীকাৰ কৰব না । বিধাতা ঠিক সেই সময়ে দেখিয়ে দিলেন কোথায় আমাদেৱ পৰাভৱেৰ অনুকাৰ গহৰণগুলো । আজ ভাৱতে মুক্তি-সাধনাৰ তাপস ধাৰা তাদেৱ সাধনা বাধা পেল তাদেৱই কাছ থেকে যাদেৱ আমৱা অকিঞ্চিকৰ কৰে রেখেচি । যারা ছোটো হয়ে ছিল তাৱাই আজ বড়োকে কৰেচে অকৃতাৰ্থ । তুচ্ছ বলে যাদেৱ আমৱা মেৰেচি তাৱাই আমাদেৱ সকলেৰ চেয়ে বড়ো মাৰ মাৰচে ।

এক বাক্তিৰ সঙ্গে আৱ এক বাক্তিৰ শক্তিৰ স্বাভাৱিক উচ্চনীচতা আছে । জাতিবিশ্বেৰ মধ্যেও তেমন দেখা যায় । উন্নতিৰ পথে সকলে সমান দূৰ এগোতে পাৱেনি । সেইটেকে উপলক্ষ্য কৰে সেই পশ্চাদ্ভূতদেৱকে অপমানেৰ হুৰজ্য বেড়া তুলে দিয়ে স্থায়ীভাৱে যখনি পিছিয়ে রাখা যায় তখনি পাপ জমা হয়ে ওঠে । তখনি অপমান বিষ দেশেৰ এক অঙ্গ থেকে সৰ্ব অঙ্গে সঞ্চারিত হতে থাকে । এমনি কৰে মানুষেৰ সম্মান থেকে যাদেৱ নিৰ্বাসিত কৰে দিলুম তাদেৱ আমৱা হাৰালুম । আমাদেৱ হুৰ্বলতা ঘটল সেইখানেই, সেইখানেই শনিৰ রক্ত । এই রক্ত দিয়েই ভাৰতবৰ্ষেৰ

পর্যান্তৰ তাকে বাবে বাবে নত করে দিয়েছে। তার ভিত্তের গাঁথুনি আল্গা, আঘাত পাবামাত্র ভেঙে ভেঙে পড়েছে। কাল-ক্রমে যে ভেদ দূর হতে পারত তাকে আমরা চেষ্টা করে সমাজ-রীতির দোহাই দিয়ে স্থায়ী করে তুলেছি। আমাদের রাষ্ট্রিক মুক্তিসাধনা কেবলি ব্যর্থ হচ্ছে এই ভেদবুদ্ধির অভিশাপে।

যেখানেই একদলের অসমানের উপর আর-এক দলের সম্মানকে প্রতিষ্ঠিত করা হয় সেইখানেই ভারসামঞ্জস্য নষ্ট হয়ে বিপদ ঘটে। এর থেকেই বোঝা যায় সাম্যাই মানুষের মূলগত ধর্ম। যুরোপে এক রাষ্ট্রজাতির মধ্যে অন্য ভেদ যদি বা না থাকে শ্রেণীভেদ আছে। শ্রেণীভেদে সম্মান ও সম্পদের পরিবেশণ সমান হয় না। সেখানে তাই ধনিকের সঙ্গে কর্মিকের অবস্থা যতই অসমান হয়ে উঠে ততই সমাজ টলমল করচে। এই অসাম্যের ভাবে সেখানকার সমাজ-ব্যবস্থা প্রতাহই পীড়িত হচ্ছে। যদি সহজে সাম্য স্থাপন হয় তবেই রক্ষা, নইলে নিষ্কৃতি নেই। মানুষ যেখানেই মানুষকে পীড়িত করবে সেখানেই তার সমগ্র মহুষ্যত্ব আহত হবেই, সেই আঘাত মৃত্যুর দিকেই নিয়ে যায়।

সমাজের মধ্যেকার এই অসাম্য এই অসমানের দিকে মহাআজি অনেক দিন থেকে আমাদের লক্ষ্য নির্দেশ করেচেন। তবুও তেমন একান্ত চেষ্টায় এই দিকে আমাদের সংস্কার কার্য্য প্রবর্তিত হয়নি। চরখা ও খন্দরের দিকে আমরা মন দিয়েছি, আর্থিক চুর্গতির দিকে দৃষ্টি পড়েছে কিন্তু সামাজিক পাপের দিকে নয়। সেইজন্তেই আজ এই ছঃখের দিন এল। আর্থিক ছঃখ অনেকটা এসেচে বাইরেথেকে, তাকে ঠেকানো একান্ত কঠিন না হতে পারে। কিন্তু যে সামাজিক পাপের উপর আমাদের সকল শক্তির আক্রয়, তাকে উৎপাটন

করতে আমাদের বাজে, কেমনা তার উপরে আমাদের মমত্ব । সেই প্রশ্নাপ্রাণী পাপের বিরুদ্ধে আজ মহাআশা চরম যুক্ত ঘোষণা করে দিলেন । আমাদের দুর্ভাগ্যক্রমে এই রণক্ষেত্রে তার দেহের অবসান ঘটতেও পারে কিন্তু সেই লড়াইয়ের ভার তিনি আমাদের প্রত্যেককে দান করে যাবেন । যদি তাঁর হাত থেকে আজ আমরা সর্বান্তকরণে সেই দান গ্রহণ করতে পারি তবেই আজকের দিন সার্থক হবে । এত বড়ো আহ্বানের পারেও যারা একদিন উপবাস ক'রে তার পরদিন হতে উদাসীন থাকবে, তারা দুঃখ থেকে যাবে দুঃখে, দুর্ভিক্ষ থেকে দুর্ভিক্ষে । সামান্য কুচ্ছ সাধনের দ্বারা সত্য-সাধনার অবমাননা যেন না করি ।

মহাআজির এই ব্রত আমাদের শাসনকর্তাদের সংকলকে কী পরিমাণে ও কী ভাবে আঘাত করবে জানিনে, আজ সেই পোলিটিকাল তর্ক অবতারণার দিন নয় । কেবল একটা কথা বলা উচিত বলে বল্ব । দেখতে পাচ্ছি মহাআজির এই চরম উপায় অবলম্বনের অর্থ অধিকাংশ ইংরেজ বুঝতে পারচেন না । না পারবার একটা কারণ এই যে মহাআজির ভাষা তাঁদের ভাষা নয় । আমাদের সমাজের মধ্যে সাংঘাতিক বিজ্ঞেদ ঘটাবার বিরুদ্ধে মহাআজির এই প্রাণপণ প্রয়াস তাঁদের প্রয়াসের প্রচলিত পদ্ধতির সঙ্গে মেলে না বলেই এটাকে এত অনুত্ত বলে মনে হচ্ছে । একটা কথা তাঁদের স্মরণ করিয়ে দিতে পারি—আয়র্লণ্ড যখন ব্রিটিশ ঐক্যবন্ধন থেকে স্বতন্ত্র হবার চেষ্টা করেছিল তখন কী বীভৎস ব্যাপার ঘটেছিল । কত রক্তপাত, কত অমানুবিক নিষ্ঠুরতা । পলিটিক্সে এই হিংস্র পদ্ধতিই পশ্চিম মহাদেশে অভ্যন্ত : সেই কারণে আয়র্লণ্ডে রাষ্ট্রিক প্রয়াসের এই রক্তাঙ্গ মূর্তি তো কারো কাছে, অস্তুত

। অধিকাংশ লোকের কাছে, আর যাই হোক, অস্তুত বলে মনে হয় নি। কিন্তু অস্তুত মনে হচ্ছে মহাআজির অহিংস্র আত্মাগী প্রয়াসের শাস্ত্রমূর্তি। ভারতবর্ষের অবমানিত জাতির প্রতি মহাআজির মগতা নেই এত বড়ো অমূলক কথা মনে স্থান দেওয়া সম্ভব হয়েচে তার কাবণ এই যে, এই ব্যাপারে তিনি আমাদের রাজসিংহাসনের উপর সন্ধাটের ঝড় বইয়ে দিয়েচেন। রাজপুরুষদের মন বিকল হয়েচে বলেই এমন কথা তারা কল্পনা করতে পেরেচেন। এ-কথা বুঝতে পারেন নি রাষ্ট্রিক অস্ত্রাঘাতে হিন্দুসমাজকে দ্বিখণ্ডিত হতে দেখা হিন্দুর পক্ষে মৃত্যুর চেয়ে কম বিপদের নয়। একদা বাহির থেকে কোনো তৃতীয়পক্ষ এসে যদি ইংলণ্ডে প্রটেষ্টান্ট ও রোমান-ক্যাথলিকদের এইভাবে সম্পূর্ণ বিভক্ত করে দিত তাহলে সেখানে একটা নরহত্যার ব্যাপার ঘট। অসম্ভব ছিল না। এখানে চিন্দু-সমাজের পরম সন্ধাটের সময় মহাআজির দ্বারা সেই বহুপ্রাণথাতক যুদ্ধের ভাষাস্তর ঘটেচে মাত্র। প্রটেষ্টান্ট ও রোমান-ক্যাথলিকদের মধ্যে বহুদীর্ঘকাল যে অধিকারভেদ চলে এসেছিল সমাজটি আজ স্বয়ং তার সমাধান করেচে, সে জগ্যে তুর্কির বাদশাকে ডাকে নি। আমাদের দেশের সামাজিক সমস্যা সমাধানের ভার আমাদের পরেই থাকার প্রয়োজন ছিল।

রাষ্ট্রিব্যাপারে মহাআজি যে অহিংস্রনীতি এতকাল প্রচার করেচেন, আজ তিনি সেই নীতি নিজের প্রাণ দিয়ে সমর্থন করতে উত্তৃত এ কথা বোৰা অত্যন্ত কঠিন বলে আমি মনে কৱিন্নে।

শাস্ত্রনিকেতন
৪ষ্ঠা আশ্বিন, ১৩৩৯।

মহাআজির শেষ ব্রত

রবীন্দ্রনাথ ঠাকুর

(শান্তিনিকেতনে আহুত পঞ্জিবাসীদের প্রতি)

যুগে যুগে দৈবাং এই সংসারে মহাপুরুষের আগমন হয়। সব সময় তাঁদের দেখা পাইনে। যখন পাই সে আমাদের সৌভাগ্য। আজকের দিনে দুঃখের অন্ত নেই, কত শীড়ন, কত দৈত্য, কত রোগ শোক তাপ আমরা নিত্য ভোগ কর্তৃ, দুঃখ জমে উঠেচে রাশি রাশি। তবু সব দুঃখকে ছাড়িয়ে গেছে আজ এক আনন্দ। যে মাটিতে আমরা বেঁচে আছি, সঞ্চরণ কর্তৃ, সেই মাটিতেই একজন মহাপুরুষ, যাঁর তুলনা নেই, তিনি ভারতবর্ষে জন্মগ্রহণ করেচেন।

যাঁরা মহাপুরুষ তাঁরা যখন আসেন, আমরা ভালো করে চিনতে পারিনে তাঁদের। কেননা, আমাদের মন ভীরু, অস্বচ্ছ, স্বত্বাব শিথিল, অভ্যাস দুর্বল। মনেতে সেই সহজ শক্তি নেই যাতে করে মহৎকে সম্পূর্ণ বুঝতে পারি, গ্রহণ করতে পারি। বারে বারে এমন ঘটেচে, যাঁরা সকলের বড়ো, তাঁদেরই সকলের চেয়ে দূরে ফেলে রেখেচি।

যাঁরা জ্ঞানী, শুণী, কঠোর তপস্বী, তাঁদের বোৰা সহজ নয়; কেননা আমাদের জ্ঞান বুদ্ধি সংস্কার তাঁদের সঙ্গে মেলে না। কিন্তু একটা জিনিষ বুঝতে কঠিন লাগে না, সেটা ভালোবাসা। যে মহাপুরুষ ভালোবাসা দিয়ে নিজের পরিচয় দেন, তাঁকে আমাদের ভালোবাসায় আমরা একরূপ

করে বুঝতে পারি। সেজন্তে ভারতবর্ষে এই এক আশ্চর্য ঘটনা ঘটল, যে, এবার বুঝেচি। এমনটি সচরাচর ঘটে না। যিনি আমাদের মধ্যে এসেচেন তিনি অত্যন্ত উচ্চ, অত্যন্ত মহৎ। তবু তাঁকে স্বীকার করেচি, তাঁকে জেনেচি। সকলে বুঝেচে, তিনি আমার। তাঁর ভালোবাসায় উচ্চনীচের ভেদ নেই, মূর্খ-বিদ্বানের ভেদ নেই, ধনী দরিদ্রের ভেদ নেই। তিনি বিতরণ করেচেন সকলের মধ্যে সমানভাবে তাঁর ভালোবাস। তিনি বলেচেন, সকলের কল্যাণ হোক, সকলের মঙ্গল হোক। যা বলেচেন শুধু কথায় নয়, বলেচেন তুঃখের বেদনায়। কত পীড়া, কত অপমান তিনি সংয়েচেন। তাঁর জীবনের ইতিহাস তুঃখের ইতিহাস। তুঃখ অপমান ভোগ করেচেন কেবল ভারতবর্ষে নয়, দক্ষিণ আফ্রিকায় কত মার তাঁকে ঘৃত্যর ধারে এনে ফেলেচে। তাঁর তুঃখ নিজের বিষয়-সুখের জন্তে নয়, স্বার্থের জন্তে নয়, সকলের ভালোর জন্তে। এই যে এত মার খেয়েচেন, উপে কিছু বলেন নি কথনো, রাগ করেন নি। সমস্ত আঘাত মাথা পেতে নিয়েচেন। শক্ররা আশ্চর্য হয়ে গেছে ধৈর্য দেখে, মহত্ব দেখে। তাঁর সকল সিদ্ধ হল, কিন্তু জোর-জবরদস্তিতে নয়; ত্যাগের দ্বারা, তুঃখের দ্বারা, তপস্তার দ্বারা তিনি জয়ী হয়েচেন। সেই তিনি আজ ভারতবর্ষের তুঃখের বোৰা নিজের তুঃখের বেগে ঠেলবার জন্য দেখা দিয়েচেন।

তোমরা সকলে তাঁকে দেখেচ কি না জানি না। কারো কারো হয়তো তাঁকে দেখার সৌভাগ্য ঘটেচে। কিন্তু তাঁকে জানো সকলেই, সমস্ত ভারতবর্ষ তাঁকে জানে। সবাই জানো, সমস্ত ভারতবর্ষ কী রকম করে তাঁকে ভক্তি দিয়েচে, একটি

ନାମ ଦିଲ୍ଲେ—ମହାଆ । ଆଶ୍ରଦ୍ୟ, କେମନ କରେ ଚିନ୍ଗେ । ମହାଆ ଅନେକକେଇ ବଲା ହୁଏ, ତାର କୋମୋ ମାନେ ନେଇ । କିନ୍ତୁ ଏହି ମହାପୁରୁଷଙ୍କେ ଯେ ମହାଆ ବଲା ହେଁଲେ, ତାର ମାନେ ଆହେ । ଯାର ଆଆ ବଡ଼ୋ, ତିନିଇ ମହାଆ । ଯାଦେର ଆଆ ଛୋଟୋ, ବିଷସେ ବନ୍ଦ, ଟାକାକଡ଼ି, ସର ସଂସାରେ ଚିନ୍ତାଯ ଯାଦେର ମନ ଆଛୁମ୍ବ, ତାରା ଦୀନାଆ । ମହାଆ ତିନିଇ, ସକଳେର ମୁଖ ଛଂଖ ଯିନି ଆପନାର କରେ ନିଯେଚେନ, ସକଳେର ଭାଲୋକେ ସିନି ଆପନାର ଭାଲୋ ବଲେ ଜାନେନ । କେନନା, ସକଳେର ହଦୟେ ତୀର ସ୍ଥାନ, ତୀର ହଦୟେ ସକଳେର ସ୍ଥାନ । ଆମାଦେର ଶାସ୍ତ୍ରେ ଈଶ୍ଵରଙ୍କେ ବଲେ ମହାଆ, ମର୍ତ୍ତାଲୋକେ ସେଇ ଦିବ୍ୟ ଭାଲୁବାସା, ସେଇ ପ୍ରେମେର ଶ୍ରୀଶର୍ଦ୍ୟ ଦୈବାଙ୍ଗ ମେଲେ । ସେଇ ପ୍ରେମ ଯାର ମଧ୍ୟେ ପ୍ରକାଶ ପେରେଚେ ତାଙ୍କେ ଆମରା ମୋଟେବ ଉପର ଏହି ବଲେ ବୁଝେଚି ଯେ ତିନି ହଦୟ ଦିଯେ ସକଳକେ ଭାଲୋବେସେଚେନ । କିନ୍ତୁ ସମ୍ପୂର୍ଣ୍ଣ ବୁଝିତେ ପାରି ନା, ଭାଲୋ କରେ ଚିନିତେ ଏକଟୁ ବାଧା ଲାଗେ । ବୀକା ହେଁ ଗେଛେ ଆମାଦେର ମନ । ସତ୍ୟକେ ସ୍ବୀକାର କରିତେ ଭୌରୁତା ଦ୍ଵିଧା ସଂଶୟ ଆମାଦେର ଜାଗେ । ବିନା କ୍ଲେଶେ ସା ମାନିତେ ପାରି, ତାଇ ମାନି, କଠିନଟାକେ ସରିଯେ ରେଖେ ଦିଇ ଏକ ପାଶେ । ତାର ସକଳେର ଚେଯେ ବଡ଼ୋ ସତ୍ୟଟାକେ ନିତେ ପାରଲୁମ ନା । ଏହିଥାନେଇ ତାଙ୍କେ ମାରଙ୍ଗୁମ । ତିନି ଏସେଚେନ, ଫିରେ ଗେଲେନ, ଶେଷପର୍ଯ୍ୟନ୍ତ ତାଙ୍କେ ନିତେ ପାରଙ୍ଗୁମ ନା ।

ଖୁଣ୍ଟାନଶାସ୍ତ୍ରେ ପଡ଼େଚି, ଆଚାରନିଷ୍ଠ ଯିହଦିରା ଯୀଶୁଖୁଣ୍ଟକେ ଶକ୍ତ ବଲେ ମେରେଛିଲ । କିନ୍ତୁ ମାର କି ଶୁଦ୍ଧ ଦେହେର ? ସିନି ପ୍ରାଣ ଦିଯେ କଲ୍ୟାଣେର ପଥ ଖୁଲେ ଦିତେ ଆସେନ ସେଇ ପଥକେ ବାଧାଗ୍ରହ କରା ସେଓ କି ମାର ମଯ ? ସକଳେର ଚେଯେ ବଡ଼ୋ ମାର ସେଇ । କୀ ଅସହ ବେଦନା ଅଭ୍ୟବ କରେ ତିନି ଆଜକେର ଦିନେ ଘୃତ୍ୟ-ଭର୍ତ୍ତ ଶ୍ରୀହଙ୍ଗ କରେଚେନ । ସେଇ ଭର୍ତ୍ତକେ ସଦି ଆମରା

স্বীকার করে না নিই, তবে কি তাকে আমরা মারলুম না ? আমাদের ছোটো মনের সঙ্কোচ, ভীরুতা আজ লজ্জা পাবে না ? আমরা কি তার সেই বেদনাকে মর্মের মধ্যে ঠিক জায়গায় অনুভব করতে পারব না ? গ্রহণ করতে পারব না তার দান ? এত সঙ্কোচ, এত ভীরুতা আমাদের ? সে ভীরুতার দৃষ্টান্ত তো তার মধ্যে কোথাও নেই। সাহসের অন্ত নেই তার ; মৃত্যুকে তিনি তুচ্ছ করেচেন। কঠিন কারাগার, তার সমস্ত লোহার শিকল নিয়ে তার ইচ্ছাকে টেকাতে পারে নি। সেই তিনি এসেচেন আজ আমাদের মাঝখানে। আমরা যদি ভয়ে পিছিয়ে পড়ি, তবে লজ্জা রাখবার ঠাই থাকবে না। তিনি আজ মৃত্যু-ব্রত গ্রহণ করেচেন, ছোটো-বড়োকে এক করবার জন্যে। তার সেই সাহস, তার সেই শক্তি আস্তুক আমাদের বুদ্ধিতে, আমাদের কাজে। আমরা যেন আজ গলা ছেড়ে বলতে পারি, তুমি যেয়ো না, আমরা গ্রহণ করলাম তোমার ব্রত। তা যদি না পারি, এত বড়ো জীবনকে যদি ব্যর্থ হতে দিট, তবে তার চেয়ে বড়ো সর্বনাশ আর কী হতে পারে ?

আমরা এই কথাই বলে থাকি, যে বিদেশীরা আমাদের শক্তি করচে। কিন্তু তার চেয়ে বড়ো শক্তি আছে আমাদের মজ্জার মধ্যে, সে আমাদের ভীরুতা। সেই ভীরুতাকে জয় করার জন্যে বিধাতা আমাদের জন্ত শক্তি পাঠিয়ে দিয়েচেন তার জীবনের মধ্য দিয়ে, তিনি আপন অভয় দিয়ে আমাদের ভয় হরণ করতে এসেচেন। সেই তার দান-মুদ্র তাকে আজ কি আমরা ফিরিয়ে দেব ? এই কৌপীনধারী আমাদের দ্বারে দ্বারে আঘাত করে ফিরেচেন, তিনি আমাদের সাবধান করেচেন কোন্থানে আমাদের বিপদ। মানুষ যেখানে

মাঝুৰের অপমান করে মাঝুৰের ভগবান সেইখানেই বিমুখ । শত শত বছর ধরে মাঝুৰের প্রতি অপমানের বিষ আমরা বহিয়ে দিয়েছি ভারতবর্ষের নাড়ীতে নাড়ীতে । হীনতার অসহ বোৰা চাপিয়ে দিয়েছি শত শত নত মস্তকের উপরে, তারই ভাবে সমস্ত দেশ আজ ঝাস্ত ছৰ্বল । সেই পাপে সোজা হয়ে দাঢ়াতে পারচিনে । আমাদের চলবাবৰ রাস্তায় পদে পদে পঙ্কজুণ তৈরি করে রেখেছি,—আমাদের সৌভাগ্যের অনেকখানি তলিয়ে ঘাচে তারই মধ্যে । এক ভাই আর এক ভাইয়ের কপালে স্বত্বস্ত্বে কলক লেপে দিয়েচে, মহাআশ সইতে পারেন নি এই পাপ ।

সমস্ত অস্তঃকরণ দিয়ে শোনো তাঁর বাণী । অনুভব করো, কী প্রচণ্ড তাঁর সঙ্কল্পের জোর । আজ তপস্বী উপবাস আৱস্ত কৰেচেন, দিনের পৰ দিন তিনি অন্ন নেবেন না । তোমরা দেবে না তাঁকে অন্ন ? তাঁর বাণীকে গ্ৰহণ কৰাই তাঁর অন্ন, তাই দিয়ে তাঁকে বাঁচাতে হবে । অপৰাধ অনেক কৰেচি, পাপ পুঁজীভূত হয়ে উঠেচে । ভাইয়ের সঙ্গে ব্যবহাৰ কৰেচি দাসেৰ মতো, পশুৰ মতো । সেই অপমানে সমস্ত পৃথিবীৰ কাছে ছোটো কৰে রেখেচে আমাদেৱ । যদি তাদেৱ প্ৰাপ্য সম্মান দিতাম তা হলে আজ এত দুৰ্গতি হত না আমাদেৱ । পৃথিবীৰ অন্য সব সমাজকে লোকে সম্মান কৰে, ভয় কৰে, কেননা তাৰা পৰম্পৰ ঐক্যবন্ধনে বদ্ধ । আমাদেৱ এই হিন্দুসমাজকে আবাত কৰতে অপমান কৰতে কাৰো মনে ভয় নেই বাব বাব তাৰ প্ৰমাণ পাই । কিসেব জোৱে তাদেৱ এই স্পৰ্ক্ষা সে কথাটা যেন এক মৃহূর্ত না ভুলি ।

যে সম্মান মহাআজি সবাইকে দিতে চেয়েচেন, সে সম্মান আমৱা সকলকে দেবো । যে পারবে না দিতে ধিক্ তাকে ।

ভাইকে ভাই বলে গ্রহণ করতে বাধা দেয় যে সমাজ, ধিক্ষা সেই জীর্ণ সমাজকে। সব চেয়ে বড়ো ভীরুত্ব তখনই প্রকাশ পায় যখন সত্যকে চিন্তে পেরেও মানতে পারিনে। সে ভীরুত্বার ক্ষমা নেই।

অভিশাপ অনেকদিন থেকে আছে দেশের উপর। সেইজন্যে প্রায়শিক্তি করতে বসেচেন একজন। সেই প্রায়শিক্তি সকলকে মিলতে হবে, সেই মিলনেই আমাদের চির-মিলন স্থূল হবে। মৃত্যুর বৃহৎ পাত্রে তাঁর প্রায়শিক্তি তিনি আমাদের সকলের সামনে ধরলেন, এগিয়ে দিলেন আমাদের হাতের কাছে। গ্রহণ করো সকলে, ক্ষালন করো পাপ। মঙ্গল হবে। তাঁর শেষ কথা আজ আমি তোমাদের শোনাতে এসেচি। তিনি দূরে আছেন, কিন্তু তিনি দূরে নেই। তিনি আমাদের অন্তরেই আছেন। যদি জীবন দিতে হয় তাঁকে আমাদের জন্মে, তবে অন্ত থাকবে না পরিতাপের।

মাথা হেঁট হয়ে যাবে আমাদের। তিনি আমাদের কাছে যা চেয়েচেন, তা ছুরহ, ছঃসাধ্য অত। কিন্তু তার চেয়ে ছঃসাধ্য কাজ তিনি করেচেন, তার চেয়ে কঠিন অত তাঁর। সাহসের সঙ্গে যেন গ্রহণ করতে পারি তাঁর দেওয়া অত। যাকে আমরা ভয় করচি, সে কিছুই নয়। সে মায়া, মিথ্যা। সে সত্য নয়; মানব না আমরা তাকে। বলো আজ সবাই মিলে, আমরা মানব না সেই মিথ্যাকে। বলো আজ সমস্ত হৃদয় দিয়ে বলো, ভয় কিসের? তিনি সমস্ত ভয় হরণ করে বসে আছেন। মৃত্যা-ভয়কে জয় করেচেন। কোনো ভয় যেন আজ থাকে না আমাদের। লোকভয়, রাজভয়, সমাজ-ভয় কিছুতেই যেন সন্তুষ্টি না হই আমরা। তাঁর পথে তাঁরই অমুবক্তী হয়ে চলব, পরাভুর ঘটতে দেব না তাঁর। সমস্ত

পৃথিবী আজ তাকিয়ে আছে, যাদের মনে দরদ নেই তারা।
উপহাস করচে। এত বড়ো ব্যাপারটা সত্যই উপহাসের বিষয়
হবে যদি আমাদের উপরে কোনো ফল না হয়। সমস্ত পৃথিবী
আজ বিশ্বিত হবে যদি তাঁর শক্তির আশুন আমাদের সকলের
মনের মধ্যে জলে ওঠে, যদি সবাই বলতে পারি, জয় হোক
তপস্তী, তোমার তপস্তা সার্থক হোক। এই জয়বন্ধনি সমুদ্রের
এক পার থেকে পৌঁছবে আর এক পারে, সকলে বলবে,
সত্যের বাণী অমোঘ, ধন্য হবে ভারতবর্ষ। আজকের দিনেও
এত বড়ো সার্থকতায় যে বাধা দেবে সে অত্যন্ত হয়, তাকে
তোমরা ভয়ে যদি মানো তবে তার চেয়ে হেয় হবে তোমরা।

জয় হোক সেই তপস্তীর যিনি এই মুহূর্তে বসে আছেন
মৃত্যুকে সামনে নিয়ে, ভগবানকে অন্তরে বসিয়ে, সমস্ত
হৃদয়ের প্রেমকে উজ্জ্বল করে আলিয়ে। তোমরা জয়বন্ধনি করো
তাঁর, তোমাদের কষ্টস্বর পৌঁছক তাঁর আসনের কাছে, বলো
তোমাকে গ্রহণ করলেম, তোমার সত্যকে স্বীকার করলেম।

আমি কীইবা বলতে পারি। আমার ভাষায় জোর
কোথায়? তিনি যে ভাষায় বলচেন সে কানে শোনবার
নয়, সে প্রাণে শোনবার, মাঝুষের সেই চরম ভাষা, নিশ্চয়ই
তোমাদের অন্তরে পৌঁছেচে।

আমাদের সকলের চেয়ে বড়ো সৌভাগ্য, পর যখন
আপন হয়। সকলের চেয়ে বড়ো বিপদ, আপন যখন পর
হয়। ইচ্ছে করেই যাদের আমরা তারিয়েচি ইচ্ছে করেই
আজ তাদের ফিরে ডাকো,—অপবাধের অবসান হোক,
অমঙ্গল দূর হয়ে যাক। মাঝুষকে গোরব দান করে মহুজাদের
সঙ্গীরব অধিকার লাভ করি।

শাস্তিনিকেতন
১৯ আগস্ট ১৯৩৯।

পুণা অমগ *

রবীন্দ্রনাথ ঠাকুর

গভীর উদ্বেগের মধ্যে মনে আশা নিয়ে পুণা অভিযুক্ত
যাত্রা করলেম। দীর্ঘপথ, যেতে যেতে আশঙ্কা বেড়ে গেটে,
পৌছে কী দেখা যাবে। বড়ো ছেশনে এলেই আমার সঙ্গী
ত্বক্কমে খবরের কাগজ কিনে দেন—উৎকষ্টিত হয়ে পড়ে
দেখি। স্মৃতির নয়। ডাক্তারেরা বলচে মহাআজির শরীরের
অবস্থা danger zone-এ পৌছেচে। দেহেতে মেদ বা
মাংসের উত্তৃত্ব এমন নেই যে দীর্ঘকালের ক্ষয় সহ হয়,
অবশ্যে মাংসপেশী ক্ষয় হতে আরম্ভ করেচে। Apoplexy
হয়ে অকস্মাত প্রাণহানি ঘটতে পারে। সেই সঙ্গে কাগজে
দেখচি দিনের পর দিন দীর্ঘকাল ধরে জটিল সমস্যা নিয়ে
তাকে স্বপক্ষ প্রতিপক্ষের সঙ্গে গুরুতর আলোচনা চালাতে
হচ্ছে। শেষ পর্যন্ত হিন্দুসমাজের অন্তর্গত রূপেই অমুল্লত
সমাজকে রাষ্ট্রনৈতিক বিশেষ অধিকার দেওয়া বিষয়ে তাই
পক্ষকে তিনি রাজি করেচেন। দেহের সমস্ত যন্ত্রণা
হুর্বর্লতাকে জয় করে তিনি অসাধাৰণ সাধন করেচেন, এখন
বিলেত হতে এই ব্যবস্থা মঞ্চুৰ হওয়াৰ উপৰ সব নির্ভৰ
কৰচে। মঞ্চুৰ না হওয়াৰ কোনো সংস্কৃত কাৰণ থাকতে
পারে না, কেননা প্রধান মন্ত্রীৰ কথাই ছিল অমুল্লত সমাজেৰ

* পুণা হইতে প্রত্যাবর্তনের পৰ আশ্রমবাসীগণেৰ নিকট কথিত।
৮ই আশ্বিন রবীন্দ্রনাথ বৰ্ধমান হইতে বোঝাই মেলে শ্ৰীযুক্ত সুৱেদননাথ
কৰ ও অধিয়চন্দ্ৰ চক্ৰবৰ্জীৰ সহিত পুণা যাত্রা কৰেন।

সঙ্গে একযোগে ছিলুৱা যে ব্যক্তি মেনে নেবে তাকে তিনিও
স্বীকার কৰতে বাধ্য ।

আশানৈরাগ্নে আন্দোলিত হয়ে ২৬শে সেপ্টেম্বৰ প্রাতে
আমৱা কল্যাণ ষ্টেশনে পৌছলৈম । সেখানে শ্রীমতী বাসন্তী
ও শ্রীমতী উর্মিলাৰ সঙ্গে দেখা হল । তাঁৰা অন্য গাড়িতে
কলকাতা থেকে কিছু পুৰো এসে পৌছেচেন । কাল বিলম্ব
না কৰে আমাদেৱ ভাৰী গৃহস্থামিনীৰ প্ৰেৰিত মোটৱাগাড়িতে
চড়ে পুণাৰ পথে চললৈম ।

পুণাৰ পাৰ্বত্য পথ রমণীয় । পুৱন্ধাৱে যখন পৌছলৈম,
তখন সামৰিক অভ্যাসেৱ পালা চলেচে—অনেকগুলি
armoured car, machine gun এবং পথে পথে সৈন্যদলেৱ
কুচকাওয়াজ চোখে পড়ল । অবশেষে শ্রীযুক্ত বিঠলভাই
থ্যাকাৰ্সে মহাশয়েৱ প্ৰাসাদে গাড়ি থামল । তাঁৰ বিধবা
পত্নী সৌম্যমহান্ত মুখে আমাদেৱ অভাৰ্থনা কৰে নিয়ে
চললেন । সিঁড়িৰ ছপাশে টাঁড়িয়ে তাঁৰ বিদ্যালয়েৱ ছাত্ৰীৱ
গান কৰে অভিনন্দন জানালেন ।

গৃহে প্ৰবেশ কৱেই বুৰোছিলৈম গভীৰ একটি আশঙ্কায়
হাওয়া ভাৰাকৃষ্ণ । সকলেৱ মুখেই ছুশ্চিন্তাৰ ছায়া ।
প্ৰশ্ন কৰে জানলৈম মহাআজিৰ শৱীৰেৱ অবস্থা সঞ্চাপন ।
বিলাত হতে তখনও খবৰ আসেনি । প্ৰধান মন্ত্ৰীৰ নামে
আমি একটি জুৰী তাৰ পাঠিয়ে দিলৈম ।

দৰকাৰ ছিল না পাঠাবাৰ । শীত্বই জনৱন কানে এল,
বিলাত থেকে সম্মতি এসেচে । কিন্তু জনৱ সত্য কিনা তাৰ
প্ৰমাণ পাওয়া গৈল বহুষটা পৱে ।

মহাআজিৰ মৌনাবলম্বনেৱ দিন আজ । একটাৰ পৱে
কথা বল্বেন । তাঁৰ ইচ্ছা সেই সময়ে আমি কাছে থাকি ।

পথে যেতে যাবেদো জেলের খানিক দূরে আমাদের মোটর গাড়ি আটকা পড়ল—ইংরেজ সৈনিক বললে কোনো গাড়ি এগোতে দেবার ছক্কু নেই। আজকের দিনে জেলখানায় প্রবেশের পথ ভারতবর্ষে প্রশংস্ত বলেই তো জানি। গাড়ির চতুর্দিকে নানামোকের ভিড় জমে উঠল।

আমাদের পক্ষ হতে লোক জেলের কর্তৃপক্ষের কাছে অচুমতি নিতে খানিক এগিয়ে যেতেই শ্রীমান দেবদাস এসে উপস্থিত—জেল-প্রবেশের ছাড়পত্র তাঁর হাতে। পরে শুন্মলেম মহাআজি তাঁকে পাঠিয়েছিলেন। কেননা তাঁর হঠাতে মনে হয় পুলিশ কোথাও আমাদের গাড়ি আটকেচে, যদিও তাঁর কোনো সংবাদ তাঁর জানা ছিল না।

লোহার দরজা একটাৰ পৰ একটা খুলল, আবার বক্স হয়ে গেল। সামনে দেখা যায় উচু দেয়ালের ওক্কতা, বন্দী আকাশ, সোজা লাইন-কোরা বাঁধা রাস্তা, ছটে চারটে গাছ।

ছটে জিনিষের অভিজ্ঞতা আমার জীবনে বিলম্বে ঘটেচে। বিশ্ববিদ্যালয়ের গেট পেরিয়ে চুকেচি সম্পত্তি। জেলখানায় প্রবেশে আজ বাধা ঘটলেও অবশ্যে এসে পৌছন গেল।

বাঁ দিকে সিঁড়ি উঠে দরজা পেরিয়ে দেয়ালে-ঘেৱা একটি অঙ্গনে প্রবেশ কৰলেম। দুবে দূরে ছ-সারি ঘর। অঙ্গনে একটি ছোটো আমগাছের ঘনছায়ায় মহাআজি শয্যাশয়ায়ী।

মহাআজি আমাকে হই হাতে বুকের কাছে টেনে নিলেন—অনেকক্ষণ রাখলেন। বললেন, কত আনন্দ হল।

শুভ সংবাদের জোয়ার বেয়ে এসেচি এজন্তে আমার ভাগ্যের অশংসা কৰলেম তাঁর কাছে। তখন বেলা দেড়টা।

বিলাতের খবর ভারতের রাষ্ট্র হয়ে গেছে—রাজনৈতিকের দল তখন সিমলায় দলিল নিয়ে প্রকাশ সত্ত্বায় আলোচনা করছিলেন পরে শুনলেম। খবরের কাগজওয়ালারাও জেনেচে। কেবল যাঁর প্রাণের ধারা প্রতি মুহূর্তে শীর্ণ হয়ে মৃত্যুসীমায় সংলগ্নপ্রায় তাঁর প্রাণসংকট-মোচনের যথেষ্ট সত্ত্বতা নেই। অতি দীর্ঘ লাল ফিতের জটিল নির্মানায় বিস্ময় অনুভব করলেম। সওয়া চারটে পর্যন্ত উৎকর্ষ প্রতিক্রিণ বেড়ে চলতে লাগল। শুনতে পাই দশটার সময় খবর পুণ্য এসেছিল।

চতুর্দিকে বক্সুরা রয়েচেন। মহাদেব, বল্লভভাই, রাজগোপালচারী, রাজেন্দ্রপ্রসাদ এঁদের লক্ষ্য করলেম। শ্রীমতী কন্তরীবাজি এবং সরোজিনীকে দেখলেম। জওহর-লালের পত্নী কমলাও ছিলেন।

মহাআজির স্বত্বাবতঃই শীর্ণ শরীর শীর্ণতম, কঠিস্বর প্রায় শোনা যায় না। জঠরে অয় জমে উঠেচে তাই মধ্যে মধ্যে সোডা মিশিয়ে জল খাওয়ানো হচ্ছে। ডাক্তারদের দায়িত্ব অতিমাত্রায় পৌছেচে।

অর্থচ চিকিৎসকের কিছুমাত্র হ্রাস হয়নি। চিন্তার ধারা প্রবহমান, চৈতন্য অপরিশ্রান্ত। প্রায়োপবেশনের পূর্ব হতেই কত ছুরহ ভাবনা, কত জটিল আলোচনায় তাঁকে নিয়ন্ত ব্যাপৃত হতে হয়েচে। সমুদ্রপারের রাজনৈতিকদের সঙ্গে পত্রব্যবহারে মনের উপর কঠোর ধাত-প্রতিধাত চলেচে। উপবাসকালে নানান দলের প্রবল দাবী তাঁর অবস্থার প্রতি মন্তা করে নি, তা সকলেই জানেন। কিন্ত মানসিক জীর্ণতার কোনো চিহ্নই তো নেই। তাঁর চিন্তার স্বাভাবিক স্বচ্ছ প্রকাশধারায় আবিলতা ঘটেনি। শরীরের কৃচ্ছ্র সাধনের

মধ্য দিয়েও আমার অপরাজিত উগ্রমের এই ঘূর্ণি দেখে আশ্চর্য হতে হল। কাছে না এলে এমন করে উপজলি করতেম না কত প্রচণ্ড শক্তি এই ক্ষীণদেহ পুরুষের।

আজ ভারতবর্ষের কোটি প্রাণের মধ্যে পৌছল ঘৃতুর বেদীতলশায়ী এই মহৎ প্রাণের বাণী। কোনো বাধা তাকে টেকাতে পারলনা; দূরত্বের বাধা, টিটকাঠপাথরের বাধা, প্রতিকূল পলিটিক্সের বাধা। বহু শতাব্দীর জড়ত্বের বাধা আজ তার সামনে ধূলিসাঁও হোলো।

মহাদেব বললেন, আমার জন্যে মহাআজি একান্তমনে অপেক্ষা করছিলেন। আমার উপস্থিতিদ্বারা রাষ্ট্রিক সমস্যার মীমাংসা সাধনে সাহায্য করতে পারি এমন অভিজ্ঞতা আমার নেই। তাকে যে তৃপ্তি দিতে পেরেচি, এই আমার আনন্দ।

সকলে ভিড় করে ঢাঁড়ালে তাঁর পক্ষে কষ্টকর হবে মনে করে আমরা সরে গিয়ে বস্ত্রে। দীর্ঘকাল অপেক্ষা করচি কখন খবর এসে পৌছবে। অপরাহ্নের রৌদ্র আড় হয়ে পড়েচে ইটের প্রটীরের উপর। এখানে শুধানে দুচারজন শুভ খন্দর-পরিহিত পুরুষ নারী শান্তভাবে আলোচনা করচেন।

লক্ষ্য করবার বিষয় কারাগারের মধ্যে এই জনতা। কারো বাবহারে প্রশ্রয়জনিত শৈথিল্য নেই। চরিত্রশক্তি বিশ্বাস আনে—জেলের কর্তৃপক্ষ তাই শ্রদ্ধা করেই এঁদেরকে সম্পূর্ণ স্বাধীনভাবে মেলামেশা করতে দিতে পেরেচেন। এঁরা মহাআজির প্রতিক্রিয়া প্রতিকূলে কোনো স্বরোগ গ্রহণ করেন নি। আস্তমর্যাদার দৃঢ়তা এবং অচাঞ্চল্য এঁদের মধ্যে পরিষ্কৃট। দেখলেই বোৰা যায় ভারতের স্বরাজ্য-সাধনার যোগ্য সাধক এঁরা।

ଅବଶେଷେ ଜେଲେର କର୍ତ୍ତ୍ତପକ୍ଷ ଗର୍ଭମେଟେର ଛାପ-ମାରା ଘୋଡ଼କ ହାତେ ଉପହିତ ହେଲେନ । ତୀର ମୁଖେ ଆମନ୍ଦେର ଆଭାସ ପେନ୍ଦୁମ । ମହାଆଜି ଗନ୍ତୀରଭାବେ ଧୀରେ ଧୀରେ ପଡ଼ିତେ ଲାଗଲେନ । ସରୋଜିନୀକେ ବଲଲେମ, ଏଥନ ଓର ଚାର ପାଶ ଥିକେ ସକଳେର ସରେ ଯାଏୟା ଉଚିତ । ମହାଆଜି ପଡ଼ା ଶେଷ କରେ ବକ୍ରଦେର ଡାକଲେନ । ଶୁନଲେମ ତିନି ତୀଦେର ଆଲୋଚନା କରେ ଦେଖିତେ ବଲଲେନ ଏବଂ ନିଜେର ତରଫ ଥିକେ ଜାନାଲେନ କାଗଜଟୀ ଡାକ୍ତାର ଆସ୍ତେଦକରକେ ଦେଖାନ୍ତେ ଦରକାର, ତୀର ସମର୍ଥନ ପେଲେ ତବେହି ତିନି ନିଶ୍ଚିନ୍ତ ହବେନ ।

ବକ୍ରର ଏକପାଶେ ଦୀବିଯେ ଚିଠିଖାନି ପଡ଼ଲେନ । ଆମାକେ ଓ ଦେଖାଲେନ । ରାଷ୍ଟ୍ର-ବୁଦ୍ଧି ରଚନା, ସାବଧାନେ ଲିଖିତ ସାବଧାନେଇ ପଡ଼ିତେ ହୟ । ବୁଦ୍ଧଲେମ, ମହାଆଜିର ଅଭିପ୍ରାୟେର ବିକର୍ତ୍ତ ନୟ । ପଣ୍ଡିତ ହଦୟନାଥ କୁଞ୍ଜକୁ ପରେ ଭାବ ଦେଖ୍ୟା ହଲ ଚିଠିଖାନାର ବକ୍ତ୍ବ୍ୟ ବିଶ୍ଵେଷଣ କରେ ମହାଆଜିକେ ଶୋନାବେନ । ତୀର ପ୍ରାଞ୍ଚଳ ବ୍ୟାଖ୍ୟାଯ ମହାଆଜିର ମନେ ଆର କୋନୋ ସଂଶୟ ରଟିଲ ନା । ପ୍ରାୟୋପବେଶନେର ବ୍ରତ ଉଦ୍ୟାପନ ହଲ ।

ଆଚୀରେ କାହେ ଛାଯାଯ ମହାଆଜିର ଶୟା ସରିଯେ ଆମ ହଲ । ଚତୁର୍ଦ୍ଦିକେ ଜେଲେର କଷ୍ଟଲ ବିଛିଯେ ସକଳେ ବସଲେନ । ଲେବୁର ରସ ପ୍ରକ୍ରିୟା କରଲେନ ଶ୍ରୀମତୀ କମଳା ନେହେରୁ । Inspector General of Prisons—ସିନି ଗର୍ଭମେଟେର ପତ୍ର ନିଯେ ଏମେଚେନ—ଅନ୍ତରୋଧ କରଲେନ ରସ ଯେନ ମହାଆଜିକେ ଦେନ ଶ୍ରୀମତୀ କଞ୍ଚିବାଇ ନିଜେର ହାତେ । ମହାଦେବ ବଲଲେନ—“ଜୀବନ ସଥନ ଶୁକାଯେ ଯାଯ କରଣା ଧାରାଯ ଏମୋ”—ଏହି ଶୀତାଞ୍ଜଲିର ଗୋଟି ମହାଆଜିର ଶୁଣ୍ୟ । ମୁର ଭୁଲେ ଗିଯେ-ଛିଲେମ । ତଥନକାର ମତୋ ମୁର ଦିଯେ ଗାଇତେ ହଲ । ପଣ୍ଡିତ ଶ୍ରାମଶାଙ୍କୀ ବେଦ ପାଠ କରଲେନ । ତାରପର ମହାଆଜି ଶ୍ରୀମତୀ

কস্তুরীবাইয়ের হাত হতে পৌরে ধীরে শেবুর রস পান করলেন। পরিশেষে সবরমতী আক্রমবাসীগণ এবং সমবেত সকলে “বৈষ্ণব জন কো” গানটি গাইলেন। ফল ও মিষ্টান্ন বিতরণ হল—সকলে গ্রহণ করলেম।

জেলের অবরোধের ভিতর মহোৎসব। এমন ব্যাপার আর কখনো ঘটেনি। প্রাণেৎসর্গের যজ্ঞ হল জেলখানায়, তার সফলতা এইখানেই রূপ ধারণ করলে। মিলনের এই অক্ষ্যাং আবির্ত্ত অপরূপ মূর্তি একে বলতে পারি যজ্ঞসন্তুষ্ট।

রাত্রে পণ্ডিত হৃদয়নাথ কুঞ্জ প্রমুখ পুণ্যার সমবেত বিশিষ্ট নেতারা এসে আমাকে ধরলেন, পরদিন মহাআজির বার্ষিকী উৎসবসভায় আমাকে সভাপতি হতে হবে, মালব্যজীও বোম্বাই হতে আসবেন। মালব্যজীকেই সভাপতি করে, আমি সামাজিক হৃচার কথা লিখে পড়ব এই প্রস্তাব করলেম। শ্রীরের হৃব্রহ্মতাকেও অস্মীকার করে শুভদিনের এই বিরাট জনসভায় যোগ দিতে রাজি না হয়ে পারলেম না।

বিকালে শিবাজি মন্দির নামক বৃহৎ মুক্ত অঙ্গনে বিরাট জনসভা। অতি কষ্টে ভিতরে প্রবেশ করলেম। ভাবলেম অভিমুক্ত মতো প্রবেশ তো হোলো, বেরোবার কী উপায়। মালব্যজী উপকূরমণিকায় স্থুলের করে বোঝালেন তাঁর বিশুদ্ধ হিন্দী ভাষায়, যে অস্পৃষ্টবিচার হিন্দুশাস্ত্রসঙ্গত নয়। বহু সংস্কৃত শ্লোক আবৃত্তি করে তাঁর যুক্তি প্রমাণ করলেন। আমার কষ্ট ক্ষীণ, সাধ্য নেই এত বড়ো সভায় আমার বক্তব্য ঝটিলগোচর করতে পারি। মুখে মুখে হৃচারটি কথা বললেম, পরে রচনা পাঠ করবার ভার নিলেন পণ্ডিতজীর পুত্র গোবিন্দ মালব্য। ক্ষীণ অপরাহ্নের আলোকে অদৃষ্টপূর্ব

রচনা অনর্গল অমন সুস্পষ্টকর্ত্ত পড়ে গেলেন এতে বিশ্বিত হলেম।

আমার সমগ্র রচনা কাগজে আপনারা মেখে থাকবেন।
সভায় প্রবেশ করবার অনিপূর্বে তার পাঞ্জলিপি জেলে
গিয়ে মহাআজির হাতে দিয়ে এসেছিলেম।

মতিলাল নেহেরুর পঞ্জী কিছু বললেন তাঁর ভাতা-
ভগিনীদের উদ্দেশ করে, সামাজিক সাম্যবিধানের ব্রত-
রক্ষায় তাঁদের যেন একটুও ক্রটি না ঘটে। শ্রীযুক্ত রাজ-
গোপালাচারী, রাজেন্দ্রপ্রসাদ প্রমুখ অস্থান নেতারাও অন্তরের
বাধা দিয়ে দেশবাসীকে সামাজিক অঙ্গটি দূর করতে আবাহন
করলেন। সভায় সমবেত বিরাট জনসংঘ হাত তুলে
অস্পৃশ্যতা নিবারণের প্রতিষ্ঠানি গ্রহণ করলেন। বোধ
গেল সকলের মনে আজকের বাণী পেঁচেচে। কিছুদিন
পূর্বেও এমন ছুরুহ সকলে এত সহস্রলোকের অনুমোদন
সন্তুষ্ট ছিল না।

আমার পালা শেষ হোলো। পরদিন প্রাতে মহাআজির
কাছে অনেকক্ষণ ছিলেম। তাঁর সঙ্গে এবং মালব্যজীর
সঙ্গে দীর্ঘকাল নানাবিষয়ে আলোচনা হোলো। একদিনেই
মহাআজি অপ্রত্যাশিত বল লাভ করেচেন, কর্তৃস্বর তাঁর
দৃঢ়তর, blood pressure প্রায় স্বাভাবিক। অতিথি
অভ্যাগত অনেকেই আসচেন প্রণাম করে আনন্দ জানিয়ে
যেতে। সকলের সঙ্গেই হেসে কথা কইচেন। শিশুর দল
ফুল নিয়ে আসচে, তাদের নিয়ে তাঁর কী আনন্দ। বক্সুদের
সঙ্গে সামাজিক সাম্যবিধান প্রসঙ্গে নানাবিধ আলোচনা
চলচে। এখন তাঁর প্রধান চিন্তার বিষয় হিন্দুমুসলমানের
বিরোধ ভঙ্গন।

আজ যে মহাআর জীবন আমাদের কাছে বিরাট ভূমিকায় উজ্জল হয়ে দেখা দিল, তাতে সর্বমানুষের মধ্যে মহামানুষকে প্রত্যক্ষ করবার প্রেরণা আছে। সেই প্রেরণা সার্থক হোক ভারতবর্ষের সর্বত্র।

মুক্তি-সাধনার সত্য পথ মানুষের ঐক্যসাধনায়। রাষ্ট্রিক পরাধীনতা আমাদের সামাজিক সহস্র ভেদবিচ্ছেদকে অবলম্বন করেই পুষ্ট।

জড়প্রথার সমস্ত বক্ষন ছিন্ন করে দিয়ে উদার ঐক্যের পথে মানবসভ্যতা অগ্রসর হবে সেই দিন আজ সমাগত।

APPENDIX



সংস্কৃত সমিতি

সর্বজনীন নিবেদন

অঙ্গলাচলণ

বেদমন্ত্র

য একোহবর্ণো বহুধা শক্তিযোগাদ্

বর্ণান্ত অনেকান্ত নিহিতার্থো দধাতি ।

বিচৈতি চাস্তে বিশ্বমাদৌ স দেবঃ

স নো বুদ্ধ্যা শুভয়া সংযুন্ত্রু ।—শ্রেতাশ্রতর, ৪, ১।

বঙ্গালুবাদঃ—যিনি এক, যাঁর কোনো বর্ণ নেই, যিনি নানা শক্তিযোগে নানা বর্ণের মামুষের নিজ নিজ প্রয়োজন বিধান করেন। যিনি সমস্ত কিছুর আদিতেও আছেন অস্ত্রেও আছেন, তিনি আমাদের দেবতা। তিনি আমাদের সকলকে শুভবুদ্ধির দ্বারা সংযুক্ত করুন।

আংশুরা চাঁচি

বহুকাল ধরিয়া আমাদের দেশ পরাভবের পথে চলিয়াছে। আমাদের সমাজে ভিন্ন ভিন্ন শ্রেণীর মধ্যে পরম্পর বাবহারে উপেক্ষা ও অসম্মান এই সাংঘাতিক তুর্গতির কারণ। এইজন্তই মহাজ্ঞা গাঙ্গী মৃত্যু পণ করিয়া তপস্ত্যায় বসিয়াছেন। সমস্ত দেশবাসীরও প্রাণপণ করিয়া এই অপরাধ দূর করিবার চেষ্টা করা উচিত।

ଏଥିନ ଅବିଲମ୍ବେ ଆମାଦେର ଏହି କୟାଟି ଭବ ପ୍ରହଳିତ କରିଲେ ହିଁବେ—

୧ । କାହାକେଓ ଆମରା ସାମାଜିକଭାବେ ହୀନ ମନେ କରିବିନା, ବା ଅନ୍ତର୍ଗୁଣ କରିଯା ରାଖିବି ନା । ସକଳ ଜ୍ଞାତିକେଇ ଆମାଦେର ଜଳ-ଚଳ କରିଯା ଲାଇତେ ହିଁବେ ।

୨ । ସାଧାରଣେର ମନ୍ଦିର, ପୂଜାର ସ୍ଥାନ ଓ ଜଳାଶୟ ସକଳେର ଜନ୍ମାଇ ସମାନଭାବେ ଉପ୍ରକୃତ ହିଁବେ ।

୩ । ବିଦ୍ୟାଲୟ, ତୌର୍କ୍ଷେତ୍ର, ସଭା-ସମିତି ପ୍ରଭୃତିତେ କୋଥାଓ କାହାର ଓ ଆସିବାର କୋନେବା ବାଧା ଥାକିବେ ନା ।

୪ । କାହାର ଓ ଜ୍ଞାତି ଲକ୍ଷ୍ୟ କରିଯା ଆସୁଥାନେ ଆଘାତ ଦିବାର ଅନ୍ତାୟ ବ୍ୟବସ୍ଥା ସମାଜେ ଥାକିତେ ଦିବ ନା ।

ଆମାଦେର କାଜ

ହିନ୍ଦୁମାଜ ହିଁତେ ଅନ୍ତର୍ଗୁଣତା ଦୂର କରା, ଦୁର୍ଗତଦେର ମଧ୍ୟ ଶିକ୍ଷାବିନ୍ଦୀର, ପରମ୍ପରା ଶ୍ରଦ୍ଧା ଦ୍ୱାରା ସର୍ବିଶ୍ରେଣୀର ମଧ୍ୟେ ସାମାଜିକ ସମସ୍ତକେ ସତ୍ୟ କରା, ଜନସାଧାରଣେର ମଧ୍ୟେ ଆୟୁତ୍ରଦ୍ଵା ଓ ଆୟୁ-ଶକ୍ତି ଉଦ୍ବୋଧନ କରାର ଉଦ୍ଦେଶ୍ୟ ବିଶ୍ୱଭାରତୀ, ଶ୍ରୀନିକେତନ ପଲ୍ଲୀମେବାବିଭାଗେର ଭିତର ଦିଯା ବହୁଦିନ ସାବଦ କାଜ କରିଯା ଆସିତେଛେ । ଏଥିନ ହିଁତେ ଏକ କାଜକେ ଆରୋ ବ୍ୟାପକ ଏବଂ ଶକ୍ତିଶାଲୀ କରିବାର ଜନ୍ମ ନିୟମିତ ବ୍ୟକ୍ତିଗଣେର ଦ୍ୱାରା ଗଠିତ ଏକଟି କେନ୍ଦ୍ରୀୟ ସଭାର ପରିଚାଳନାୟ ବିଶ୍ୱଭାରତୀତେ ସଂ ଅନ୍ତର୍ଭାବୀ ସମିତି ସ୍ଥାପିତ ହଇଲ ।

କେନ୍ଦ୍ରୀୟ ସଭାର ସମସ୍ତ

ବିଶ୍ୱଭାରତୀ କର୍ମସଚିବ ।

ଶ୍ରୀନିକେତନ ସଚିବ ।

ଶ୍ରୀନେପାଲଚନ୍ଦ୍ର ରାୟ ।

ଶ୍ରୀଜଗଦାମନ୍ଦ ରାୟ ।
 ଶ୍ରୀଜିତେନ୍ଦ୍ରନାଥ ଚକ୍ରବର୍ତ୍ତୀ ।
 ଶ୍ରୀଧୀରାନନ୍ଦ ରାୟ ।
 ଶ୍ରୀକାଳୀମୋହନ ଘୋଷ—ସମ୍ପାଦକ ।
 ଶ୍ରୀଶ୍ରୀରଚ୍ଛ୍ଵ କର—ମହଃ ସମ୍ପାଦକ ।

ଏତତୁଦେଶେ ଅର୍ଥ ଇତ୍ୟାଦି ଯାବତୀୟ ସାହାୟ୍ୟ ବିଶ୍ୱ-
 ଭାରତୀ କର୍ମସଚିବେଳ ନିକଟ ସଂଗ୍ରହୀତ ଥାକିବେ ।
 ସଂକ୍ଷାର ସମିତିର କେନ୍ଦ୍ରୀୟ ସଭାର ବ୍ୟବସ୍ଥାମତୋ ତିନି ତାହା
 ବ୍ୟବହାବ କରିବେଣ ।

ସଂକ୍ଷାର ସମିତିର କାର୍ଯ୍ୟଧାରା ମୋଟାମୁଣ୍ଡ ଏଇକପ :—

୨ । ପଞ୍ଜୀୟମେଳା ।

(କ) କେନ୍ଦ୍ରୀୟ ସଭାର ଅଧୀନେ ସୁବିଧାମତୋ ଅନ୍ୟାନ୍ୟ
 ସ୍ଥାନେରେ କରେଇବିଟି ଗ୍ରାମ ଲାଇୟା ଏକ ଏକଟି ଶାଖା-କେନ୍ଦ୍ର ସ୍ଥାପନ
 କରା ହାବେ ।

(ଖ) ଏଇ ଶାଖା-କେନ୍ଦ୍ର ହାତେ ପାରିପାର୍ଶ୍ଵିକ ଗ୍ରାମମୂଳେ
 ସଂକ୍ଷାର ସମିତି ଗଡ଼ା ଏବଂ ତାହାର ଅଧୀନେ ଇରିମତା ସ୍ଥାପନ
 କରିଯା ତାହାତେ ସମ୍ପାଦନ ନିର୍ଦ୍ଧାରିତ ଦିନେ କୌର୍ତ୍ତନ, ପାଠ,
 କଥକତା ଏବଂ ସଂବାଦପତ୍ର ହାତେ ଦେଶେର ଓ ତୃପ୍ତମଙ୍କେ ନିଜ
 ଗ୍ରାମେର ଅବସ୍ଥା ପର୍ଯ୍ୟାଲୋଚନା । ମାଝେ ମାଝେ ଉତ୍ସବ ଉପଲଙ୍କ୍ଷେ
 ସର୍ବଜନୀନ ଭୋଜେର ଆୟୋଜନ । ଏଇ ସଙ୍ଗେ ହର୍ଗତଦେର ସନ୍ତୋଷ
 ସହଯୋଗେ, ତାହାଦେରଇ ମେବାର ପ୍ରତି ବିଶେଷ ଦୃଷ୍ଟି ରାଖିଯା, ଗ୍ରାମେ
 ଦିବା ଓ ନୈଶବିଦ୍ୟାଲୟ, ଗ୍ରନ୍ଥାଗାର, ସାଙ୍କ୍ଷ୍ୟ ଓ ମେବା-ସମିତି,
 ବ୍ରତୀଦଳ, ଶାଲିଶୀ-ପଞ୍ଚାଯେଣ୍ଟ, ସମବାୟ-ସମିତି ପରିଚାଳନା, ମୁଣ୍ଡ-
 ଭିକ୍ଷା-ସଂଗ୍ରହ, ଆବାସ ପରିଷକରଣ ଏବଂ ରାଷ୍ଟ୍ରାୟାଟ ସଂକ୍ଷାର ।

୨ । ଆନ୍ଦୋଲନିକ ଶିକ୍ଷକା ।

ବିନା ଦକ୍ଷିଣାୟ ଶାନ୍ତିନିକେତନ ଓ ଶ୍ରୀନିକେତନେ ହର୍ଗତଦେର

ହେଲେ ରାଧିଯା ଅଞ୍ଚଳ ଛାତ୍ରଦେର ସହିତ ସମଭାବେ ଶିକ୍ଷା ଦିଯା। ତାହାରେ ମଧ୍ୟ ହିତେଇ ସମିତିର ଭାବୀ କର୍ମୀ ଓ କେନ୍ଦ୍ର-ପରିଚାଳକ ତୈରି କରା । ଏହି ଆବାସିକ ଶିକ୍ଷାଶ୍ରମେର ଛାତ୍ରଗଣ ପ୍ରଥମ ହିତେଇ ଯାହାତେ ଆୟକରୀ ବୃଦ୍ଧି ଶିଖିଯା, କାଜ କରିଯା ନିଜେର ବ୍ୟଯ ନିଜେରା ବହନ କରେ ଏବଂ ଭବିଷ୍ୟତେ ଉପାର୍ଜନକମ ହୟ, ମେହି ବ୍ୟବସ୍ଥାଯ ତାହାଦିଗକେ ଆଶ୍ରମେ ଗ୍ରହଣ କରା ହିବେ ।

୩। ବ୍ୟାପକଭାବେର ପ୍ରଚାର ଭବନ ସଂଚ-ସଂପର୍କ ନିର୍ମାଣ ।

ହିନ୍ଦୁସମାଜେର ବିଭିନ୍ନ କେନ୍ଦ୍ରେ ଏବଂ ସମାଜେର ବିଭିନ୍ନ କ୍ଷେତ୍ରୀର ମଧ୍ୟେ ସଭା ସମ୍ମେଲନେର ଅନୁଷ୍ଠାନ । ମ୍ୟାଜିକ ଲ୍ୟାଟୋର୍ ସାହାଯ୍ୟ ଜନସଭାଯ ବକ୍ତୃତା । ପାଂତି, ବିଜ୍ଞାପନ, ପୁସ୍ତକପୁସ୍ତିକା ଏବଂ ସନ୍ତୁବମତୋ ପତ୍ରିକାଦି ପ୍ରକାଶ ଓ ପ୍ରଚାର । ପ୍ରଚାର କାର୍ଯ୍ୟ ପରିଭ୍ରମଣେର ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ନାନାକ୍ଷାନେ ସଂକ୍ଷାର ସମିତିର ଶାଖା ସ୍ଥାପନ । ତଦ୍ବାରା ସ୍ଥାଯୀଭାବେ ଅମ୍ପଣ୍ଡତା-ପାରିହାର ଓ ଶିକ୍ଷାର ପ୍ରସାରେ ତୁର୍ଗତଦେର ସାମାଜିକ ଅଧିକାର ବୃଦ୍ଧିର ପ୍ରଚେଷ୍ଟା । ତୁର୍ଗତ-ଦେର ସାମାଜିକ, ଆଧିକ ଓ ଶିକ୍ଷାସମସ୍କୀୟ ଉନ୍ନତିର ପଥେ ଯେ ସକଳ ଅଞ୍ଚଳୀୟ ଆହେ ତାହାର ପ୍ରତିକାର ।

ଆମରା ଦେଶବାସୀଦିଗକେ ଅମ୍ପଣ୍ଡତା ଦୂର କରିବାର ଜଣ୍ମ ଦେଶେର ସର୍ବତ୍ର ଏହିରାପ ସ୍ଥାଯୀକାଜେର ଅନୁଷ୍ଠାନ ଗଡ଼ିତେ ଆହ୍ଵାନ କରିତେଛି । ଦେଶହିତେଷୀ କର୍ମୀମାତ୍ରେଇ ଏହି ଉଦ୍ଦେଶ୍ୟ ସାଧନେ ତେବେଳେ ହିତେଇ ଅବିଲମ୍ବନ କାଜେ ଅଗ୍ରମର ହିତେନ, ଇହାଟି ଆମାଦେର ସନିର୍ବନ୍ଧ ଅନୁରୋଧ । କେ କୀ ଭାବେ କୋଥାଯ କାଜ କରିତେହେନ, ଇହା ଜାନିତ ପାରିଲେ ଆମରା ଅତ୍ୟନ୍ତ ଉପକୃତ ଓ ଆନନ୍ଦିତ ହିବ । ଆଶା କରି ପ୍ରୟୋଜନମତୋ, ସମ୍ପାଦକ, ସଂକ୍ଷାର ସମିତି, ଶ୍ରୀନିକେତନ, ପୋଃ ସୁରଳ, ଜିଃ ବୀରଭୂମ—ଏହି

[5]

ঠিকানায় সকলে পত্রাদি ব্যবহার করিবেন এবং এই কাজে
কেহ কিছু অর্থ সাহায্য করিতে চাহিলে, কর্মসচিব, বিশ্বভারতী,
পোঃ শাস্ত্রনিকেতন, জিঃ বীরভূম—এই ঠিকানায় তাহা
পাঠাইয়া আমাদিগকে বাধিত করিবেন। ইতি ১৫ই
অগ্রহায়ণ, ১৩৩৯ সাল।

নিবেদক
রবীন্দ্রনাথ ঠাকুর।
আচার্য, বিশ্বভারতী।



SAMSKARA SAMITI

GENERAL APPEAL

MANTRA

Ya eko varno bahudha saktiyogat
Varnan anekan nihitartho dadhati
Vichaiti chante visvamadau sa devah
Sa no buddhya subhaya samyunaktu.

Svetasvatara Upamishad.

Translation : He who is one, and who dispenses the inherent needs of all peoples and all times, who is in the beginning and the end of all things, may He unite us with the bond of truth, of common fellowship, of righteousness.

Object of our work :—

We have long been suffering from the grave social inequities which we have allowed to grow unchecked. Mutual distrust and hatred are the root cause of our misery. That is why Mahatma Gandhi has been compelled to resort to the extreme form of penance for our sins—to take the vow of fasting unto death if this curse of social discrimination is not removed from our midst. It is our imperative duty immedia-

tely to eradicate the evils that poison the sources of our humanity.

We resolve that :—

1. We shall not look down upon any person as inferior to us in status because of his caste, or the community to which he may belong.
2. All public temples, places of worship, schools, and social gatherings, water-tanks etc. will be made accessible to all irrespective of caste and creed. Untouchability in all its forms shall be discarded ; we shall be constantly engaged in trying to remove this evil from our neighbourhood, and from all places wherever we may find ourselves.

3. We shall tolerate nothing in our society which wounds the feelings of others.

Programme of our work :—

The Visvabharati through the Rural Welfare Department of Sriniketan has been for a long time working to remove untouchability from the Hindu Society, to spread education among the depressed classes, to purify and strengthen the relationship between members of the same community and of different communities by arousing amongst them the sense of self-respect and self-determination. With a view to intensify and widen the scope of our work a **Samskara Samiti** has been founded under the Visvabharati with the following as members of the Central Committee.

Members of the Central Committee :—

General Secretary of Visvabharati.

Secretary of Sriniketan.

Sj. Nepal Chandra Roy.

” Jagadananda Roy.

” Jitendranath Chakravarty.

” Dhirananda Roy.

” Kalimohan Ghosh—Secretary.

” Sudhir Chandra Kar—Asst. Secretary.

All moneys etc. collected for this purpose will be deposited with the General Secretary, Visvabharati. He will distribute help according to the recommendations of the Central Committee.

The tentative programme of our work has been mapped out as follows :—

1. Rural service

(a) Under the supervision of this Central Committee Sub-centres will gradually be opened in the villages.

(b) To start Harisabha centres in the villages under the auspices and control of the Samskar Samiti, where villagers can meet each other. On fixed days in the week arrangements will be made there for *Kirtan*, readings from the Scriptures, religious discourses, discussions of current social topics from the newspapers and of local village problems. On special religious occasions, social unions with interdining will be arranged. With such centres as the operating base attempts will

be made with the intimate co-operation of our depressed fellowbeings to start for their own benefit day and night schools, libraries, health societies, *Seva samities*, village *Panchayets*, *Brati-balaka* organisations.

Repairs and cleaning up of public roads and private houses, also door to door collection of funds etc. for such work, will be undertaken.

2. Residential education

A limited number of children from the depressed classes will be given residential education free of charge in the Ashrama school, and efforts will be made to train up from among them workers who can efficiently carry on the programme of social welfare work. The education of these students will include vocational training, so that they can earn their living by skilled work and intelligently help in the progress of their own community.

3. Propaganda and Organisation.

Meetings and social gatherings will be organised in different centres of the Hindu population, and lectures with lantern slides will be arranged for on suitable occasions by our lecturers who will travel in the villages to start centres of the *Samskara Samiti*. Circulars and pamphlets dealing with social problems will be published and distributed. Spread of accurate information with regard to the true significance of the Hindu scriptures will be undertaken with ,

the help of authorities on the subject. Gradually the sphere of work will be extended and the people will be enlightened as to their rights and privileges both social and civic.

We appeal to our countrymen to take up the work in right earnest and give it a permanent form. Patriotic workers in different places are earnestly requested to devote themselves to this sacred task, and to let us know particulars of their activities. All such communications should be sent to the Secretary, Samskara Samiti, Sriniketan, P. O. Surul, Dist. Birbhum. Contributions in kind or in money should be sent to the General Secretary, Visvabharati, Santiniketan P. O. Birbhum Dist., E. I. Ry. Loop.

Dated December 1, 1932.

Rabindranath Tagore

Acharyya, Visvabharati, Santiniketan.